

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax- 8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫. ২০২

তারিখঃ ১৯/০২/১৯শ্রিঃ

বিষয়ঃ ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা, স্মারক নং ১৪৯, তাং ১১.০২.১৯শ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় দেবহাটা, সাতক্ষীরা উপজেলার টিকেট দক্ষিনপাড়া মহিলা সমিতির সদস্য জনাব বাসন্তী রানী মন্ডল (৪০৮২২৫-২৮-০১) স্বামী-জনাব মুকুন্দ মন্ডল “মৎস্য চাষ” আইজিএ ভিত্তিক ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা সরেজমিনে পরিদর্শনপূর্বক ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদনের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হ'ল।

শর্তসমূহঃ

১. উদ্যোক্তা সদস্য প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ নিজে নির্বাহ করবেন;
২. চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থাবর সম্পত্তির দলিল মরণেজ হিসেবে দাখিল করতে হবে (সাব-রেজিস্ট্রি অফিসের মাধ্যমে মরণেজ করতে হবে); যদি ঋণী সদস্যের নিজ নামে কোন সম্পত্তি না থাকে তাহলে তাঁর স্বামী/পিতার সম্পত্তির দলিল মরণেজ হিসেবে রাখতে হবে এবং তা শর্ত-০৪ এ উল্লেখিত চুক্তিপত্রে বিষয়টি অন্তর্ভুক্ত করে সদস্য ও তাঁর স্বামী/পিতার সাথে চুক্তিপত্র সম্পাদন করতে হবে;
৩. উদ্যোক্তা সদস্যের পরিবারের সদস্য নয় এরূপ একজন বিশিষ্ট ব্যক্তি ঋণের জামিনদার হিসেবে সম্মতিপত্র দাখিল করতে হবে ;
৪. ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করতে হবে ;
৫. উপপরিচালক, বিআরডিবি, সংশ্লিষ্ট জেলা বর্নিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণসহ তদারকি করবেন ;
৬. আবেদনকৃত ঋণের ন্যূনতম ১৫% সঞ্চয় জমা থাকতে হবে;
৭. সাপ্তাহিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
৮. মঞ্জুরীকৃত ঋণ সদস্যের নামে ক্রস চেকের মাধ্যমে ডিসি /ডিডি/ ইউএনও /গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে বিতরণপূর্বক ছবি সংরক্ষণ ও প্রেরণ করতে হবে ;
৯. প্রস্তাবিত প্রকল্পের কাজ সম্পন্নকরতঃ ছবি প্রেরণ করতে হবে;
১০. অনুমোদিত ঋণের পরিমানের আলোকে তমসুক, একরারনামা ও ডিপি নোট (সদস্য ও সমিতিওয়ারী) ইত্যাদি হালনাগাদ করতে হবে;
১১. ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ নীতিমালার ব্যত্যয় হলে বা সংযুক্ত দলিল পত্র/তথ্য ভবিষ্যতে ভুল প্রমানিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)

০২-৮১৮০১৪৪

উপপরিচালক

বিআরডিবি, সাতক্ষীরা।

স্মারকনং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫.

তারিখঃ ১৯/০২/১৯শ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):ঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), দেবহাটা, সাতক্ষীরা।
৬. অফিস নথি/গার্ডফাইল।

আল-আমিন
সহকারী পরিচালক (উন্নয়ন)